বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮
ফোন : ৮৮ ০২ ২২৬৬০৩৩১৫-১৬, ফ্যাক্স : ৮৮ ০২ ২২৬৬০৩৩২২
ওয়েব সাইট : www.bscplc.com.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি (তথ্য বাতায়ন ও বিস্তারিত সংস্করণ)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-এর পক্ষে প্রযোজ্যতা মোতাবেক আইনগত মতামত/ পরামর্শ প্রদান, আইনি দলিলের খসড়া প্রণয়ন/পর্যালোচনা, মামলা ও বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত পরামর্শ প্রদান, কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে এক্তিয়ারভুক্ত আদালত/ ট্রাইব্যুনাল/কর্তৃপক্ষের নিকট কোম্পানির পক্ষে প্রতিনিধিত্ব করার লক্ষ্যে আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানি ও অন্যান্য শর্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশি আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শিক্ষাগত যোগ্যতা ও বয়স	পেশাগত ও অন্যান্য যোগ্যতা	অভিজ্ঞতা
(ক) প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম সম্মানসহ স্নাতক ও এলএলএম/ বার-এ্যাট-ল ডিগ্রিধারী হতে হবে। (খ) ৩০শে অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৪০ বছর ও সর্বোচ্চ ৬৫ বছরের মধ্যে হতে হবে।	(ক) প্রার্থীকে অবশ্যই মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে। (খ) প্রার্থীর সরকারি/ স্বায়ত্তশাসিত/ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইনজীবী/ আইন উপদেষ্টা হিসেবে সেবা প্রদানের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) আরবিট্রেটর হিসেবে আর্বিট্রেশন ও টেলিকম সেক্টরের মামলা পরিচালনার অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	জেলা আইনজীবী সমিতিতে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির তারিখ হতে বাংলাদেশে এক্তিয়ারভুক্ত যে-কোনো আদালতে ন্যূনতম ১২ (বারো) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ/ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার বিষয়ে ন্যূনতম ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির লক্ষ্যে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বরাবর চাহিত ফর্মে পূরণকৃত তথ্য প্রমাণক ও ফিরিস্তিসহ আবেদন আগামী ১৭ নভেম্বর, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে অথবা অফিস চলাকালীন প্রধান কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে দাখিল এবং ইউনিকোডে পূরণকৃত চাহিত তথ্য ফর্মের ওয়ার্ড ফাইল ও হার্ডকপিতে জমাকৃত সকল প্রমাণকসহ আবেদনের পিডিএফ কপি **manager.snl@bscplc.gov.bd** ঠিকানায় ই-মেইলে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের খামের উপর ও প্রেরিতব্য ই-মেইলের বিষয় হিসেবে **'বিএসসিপিএলসি'র আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্তির জন্য আবেদন'** বাক্যটি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রাপ্ত আবেদন যাচাই-বাছইয়ের পর কেবল মাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণ সাক্ষাৎকারের জন্য বিবেচিত হবেন। চূড়ান্ত মূল্যায়নে যোগ্য প্রার্থী প্রাপ্তিসাপেক্ষে অনধিক ০৩ জনকে প্রাথমিকভাবে ০২ (দুই) বছর মেয়াদে (পরবর্তীতে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য) বিএসসিপিএলসি'র আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্ত করা হবে।

০১। কার্যপরিধিঃ

ক) বিএসসিপিএলসি কর্তৃক প্রেরিত নথি/ দলিলাদি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক লিখিত আইনগত মতামত প্রদান, চুক্তি ও দলিলাদির বিষয়ে আইনি পরামর্শ প্রদান করা।

খ) বিএসসিপিএলসি'র প্রয়োজনীয়তা অনুসারে বিভিন্ন আইনি দলিলের খসড়া প্রণয়ন করা।

গ) বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-এর পক্ষে প্রযোজ্যতা মোতাবেক এখতিয়ারভুক্ত আদালত/ ট্রাইব্যুনাল/কর্তৃপক্ষের নিকট কোম্পানির পক্ষে প্রতিনিধিত্ব করা।

ঘ) কোম্পানি কর্তৃক প্যানেলভুক্ত বা প্যানেলভুক্ত করার জন্য বিবেচিত আইনজীবীদের সাথে সমন্বয় সাধন এবং কোনো মামলায় বিএসসিপিএলসি কর্তৃক নিয়োগপ্রাপ্ত অপর আইনজীবীগণের সাথে আদালতে সমন্বিতভাবে আইনি কার্যক্রম পরিচালনা করা।

ঙ) পরামর্শ/ রিপোর্টিং-এর জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময় ও স্থানে উপস্থিত থাকা এবং প্রয়োজন মোতাবেক সময় সময়ে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করা।

০২। আবেদনের জন্য প্রযোজ্য শর্তাবলি:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হতে হবে। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

খ) আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে বিএসসিপিএলসি -এর স্বার্থ বিরোধী কোনো প্রতিষ্ঠান/ ব্যক্তির আইনজীবী হিসেবে কাজ করা যাবে না।

গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ/ জাল/ মিথ্যা/ ভুয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র বাতিল মর্মে বিবেচিত হবে। প্রার্থীর পক্ষের কোনো প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

ঘ) উক্ত বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং সাক্ষাৎকার সংক্রান্ত যাবতীয় তথ্য কোম্পানির (https://bscplc.gov.bd/) এ পাওয়া যাবে।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮
ফোন : ৮৮ ০২ ২২৬৬০৩৩১৫-১৬, ফ্যাক্স : ৮৮ ০২ ২২৬৬০৩৩২২
ওয়েব সাইট : www.bscplc.com.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

ঙ) বিএসসিপিএলসি কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম/ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা, নিয়োগের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

চ) প্যানেলভুক্ত আইন উপদেষ্টাগণকে বিএসসিপিএলসি কর্তৃপক্ষ যে কোনো সময়ে প্যানেল হতে অব্যাহতি প্রদানের এবং প্যানেলের মেয়াদ হ্রাস/ বৃদ্ধির অধিকার সংরক্ষণ করে।

ছ) প্রার্থীদেরকে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

জ) আইন উপদেষ্টা হিসেবে প্যানেলভুক্ত আইনজীবীগণ কোনো রিটেইনার ফি প্রাপ্ত হবেন না।

ঝ) বিএসসিপিএলসি কর্তৃপক্ষ যে-কোনো সময়ে নতুন প্যানেল সৃষ্টি ও প্যানেলে নতুন আইন উপদেষ্টা অন্তর্ভুক্ত করার অধিকার সংরক্ষণ করে।

ঞ) প্যানেলভুক্ত কোনো আইন উপদেষ্টা প্যানেল হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে তাকে তাঁর নিকট রক্ষিত কোম্পানি সংশ্লিষ্ট সকল নথি (প্রযোজ্যক্ষেত্রে এনওসিসহ) ফেরত প্রদানপূর্বক ৩০ দিনের নোটিশসহ বিএসসিপিএলসি'র নিকট আবেদন দাখিল করতে হবে।

০৩। বাছাই ও নিয়োগ প্রক্রিয়া:

আগ্রহী আইনজীবীগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত আইনজীবীগণকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে একটি চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে এবং বিএসসিপিএলসি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চূড়ান্ত তালিকার শীর্ষস্থানীয় ৩(তিন) জন আইনজীবীকে কোম্পানির নির্ধারিত শর্ত ও দরে সেবা প্রদানের বিষয়ে সম্মতিপত্র দাখিলের জন্য অনুরোধ জানানো হবে। শীর্ষ স্থানীয় ব্যক্তি কর্তৃক যথাসময়ে সম্মতিপত্র দাখিল না করা হলে/ প্রত্যাহার করা হলে/ বিএসসিপিএলসি কর্তৃপক্ষ প্রয়োজন অনুভূত হলে ক্রমান্বয়ে পরের অবস্থানের ব্যক্তিকে সম্মতিপত্র দাখিলের জন্য অনুরোধ জানানো হবে।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন অথবা সকল আবেদন গ্রহণ/ বাতিল করার এবং প্যানেলে সর্বোচ্চ সংখ্যা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ ত্রুটিযুক্ত আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/ প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আইন উপদেষ্টা প্যানেলভুক্তির বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে। প্যানেলভুক্ত আইন উপদেষ্টাগণ বিভিন্ন আইন সেবা প্রদানের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রাপ্ত হবেন (রিটেইনার ফি ব্যতীত)।

[**বিঃ দ্রঃ** নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলিসহ বিস্তারিত বিজ্ঞপ্তি এবং চাহিত তথ্য ফর্ম বিএসসিপিএলসি'র ওয়েবসাইট https://bscplc.gov.bd/ এর নোটিশ বোর্ড-এ পাওয়া যাবে। উল্লেখ্য যে, ইতোমধ্যে আইনজীবী হিসেবে যে সকল ব্যক্তিবর্গকে বিএসসিপিএলসি এর প্যানেলভুক্ত করা হয়েছে তাঁরা আইন উপদেষ্টা পদে প্যানেলভুক্তির জন্য বিবেচিত হবেন না]

১ নভেম্বর ২০২৬খ্রি.

স্বাক্ষরিত
(মোহাম্মদ আনিসুল ইসলাম এফসিএস)
ব্যবস্থাপক (শেয়ার ও আইন), বিএসসিপিএলসি
ফোন-০২-২২৬৬০৩৩১৫, মোবাইল-০১৫৩৫৪৬৮৫৭৯ (Whatsapp)
ই-মেইল- manager.snl@bscplc.gov.bd